গড়াইটুপিতে শত বছরের পুরনো ঐতিহ্যবাহী শ্রী কাত্যায়নী পূজা

কার্তিক বা কত্যায়নী পূজা হিন্দু বাঙালিদের একটি জনপ্রিয় ধর্মীয় উৎসব। এ উৎসব কে ঘিরে চুয়াডাঙ্গায় এবারও পুরনো রীতি অনুসারে শত বছরের ঐতিহ্যবাহী কত্যায়নী পূজা উৎসব মুখর জাঁকজমকপূর্ণ পরিবেশের মধ্যে দিয়ে কলাগাছি গ্রামে অনুষ্ঠিত হয়েছে।

ইতিমধ্যেই পূর্জার সকল কাজ সম্পুর্ন শেষে আজ ৩০ অক্টোবর মহাষষ্ঠীর মধ্য দিয়ে আরম্ভ হয়েছে এ পূর্জার আনুষ্ঠানিকতা। ৫ দিনের এ উৎসব আগামী ৩ নভেম্বর দশমী বিসর্জনের মধ্যে দিয়ে শেষ হবে।

রবিবার(৩০ অক্টোবর) হিন্দু সম্প্রদায়ের পুরনো রীতি অনুসারে অতীতের মতো প্রতিবছরের ন্যায় জেলার দর্শনা থানার গড়াইটুপি ইউনিয়নের কলাগাছি গ্রামের দু’টি মন্দিরে অনুষ্ঠিত হয়েছে এ ঐতিহ্যবাহী শ্রী শ্রী কাত্যায়নী পূজা বা কার্তিক পূজার এ উৎসটি।

হিন্দু সম্প্রদায়ের সবচেয়ে বড় ধর্মীয় উৎসব শারদীয় দুর্গা উৎসব।এ দূর্গা উৎসবের ঠিক একমাস পরই কলাগাছির হিন্দু সম্প্রদায়ের মধ্যে কার্তিকী বা কাত্যায়নী পূজাটি উদযাপন করে থাকেন। এ পূজাকে ঘিরে কলাগাছির হিন্দু সম্প্রদায়ের মধ্যে বিরাজ করছে উৎসবের আমেজ।

পূর্জা প্রাঙ্গণে গিয়ে দেখা যায়, ইতিমধ্যেই পাবনা থেকে আগত প্রতিমা শিল্পী শ্রী জিতেন চন্দ্র’র নিখুঁত হাতে খড়,বাঁশ,কাঁঠ, বেলে ও এটেল মাটি দিয়ে তৈরি করেছেন স্বরস্বতী, কার্তিক,লক্ষী,সিংহ, গণেশ, অসুর, মহিষ, হাতি,পদ্মফুল প্রভৃতি প্রতিমাগুলো। প্রতিমা গুলোর শুকানোর পর প্রতিমা শিল্পীর নিখুঁত হাতের ছোঁয়া আর রঙ তুলির আঁচড়ে ফুটে উঠেছেন সকল প্রতিমা গুলো। দেখে মনে হয় প্রতিমা শিল্পী তার হাতের জাদুকরী ছোঁয়াতে রূপ দান করেছেন আপন মনে। ফুটিয়ে তুলেছেন জীবন্ত রূপ। মূলতঃ হিন্দু সম্প্রদায়ের উৎসব হলেও মন্দির প্রাঙ্গণে প্রতিমা গুলো দেখতে সনাতন ধর্মাবলম্বীর পাশাপাশি পথচারী সহ এলাকার শিশু - কিশোররাও ছুটে যাচ্ছেন দেখতে।

পূজা উদযাপন কমিটির পক্ষ থেকে জানা গেছে, কার্তিক পূজা বাঙালি হিন্দু সম্প্রদায়ের একটি জনপ্রিয় উৎসব। কার্তিক শিব ও দুর্গার সন্তান।তিনিই হিন্দুদের যুদ্ধ দেবতা। এ পূজাটি ভারতের পশ্চিমবঙ্গ অঞ্চলে জনপ্রিয় ও প্রসিদ্ধ। কার্ত্তিক পূজার মাধ্যমে দম্পতিরা তাদের সন্তান-সন্ততি প্রার্থনা করে থাকেন।

তিনি আরো বলেন, গত দুইটি বছর মহামারি করেনা সংক্রমণ প্রতিরোধ সল্প পরিসরে এ পূজা অনুষ্ঠানের ব্যবস্থা গ্রহণ করা হয়েছিলো এখানে। গত দুইটি বছরের আনন্দ পুষিয়ে নিতে এ বছরের অত্যন্ত জাঁকজমকপূর্ণ আর বাহারি আলোকসজ্জায় পূজা প্রাঙ্গণের গেইট ও ডেকোরেশনে সাজানো হয়েছে। মায়ের মন্দির ও প্রবেশের দার পথেও রয়েছেন বিভিন্ন রঙের আলোকবাতি। রোববার মহাষ্টমীর মধ্যে দিয়ে শুরু হয়়েছে এ পূর্জা উৎসব আগামী ৩ নভেম্বর বিজয়ী দশমিক মধ্য দিয়ে শেষ হবে। কার্ত্তিক দেবতাদের সেনাপতি।তিনি অসীম শক্তিধর দেবতা।সেজন্য তাকে রক্ষাকর্তা হিসেবে আমার প্রতিবছরের মতো এবারও ইউনিয়নটির কলাগাছি গ্রােমে এ পূজার আয়োজন করেছি।

এ বিষয়ে গড়াইটুপি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মোহাঃ শফিকুর রহমান রাজু’র সাথে মুঠোফোনে কথা বললে তিনি বলেন,ইউনিয়নের কলাগাছি গ্রামটি খুবই সীমিত মানুষ নিয়ে গঠিত একটি গ্রাম। পুরোনো রীতি অনুসারে এখানে প্রতি বছরের এ দিনটিকে বসবাসরত হিন্দু সম্প্রদায়ের জনগোষ্ঠীর শত বছরেরে পুরনো এ কার্তিক পূজার আয়োজনে করে জাঁকজমকপূর্ণ ভাবে পালন করে আসছেন।

মেহেরপুরে শিক্ষক দিবসে র্যালি ও আলোচনা সভা অনুষ্ঠিত

বর্ণাঢ্য র্যালি ও আলোচনা সভার মধ্য দিয়ে মেহেরপুরে জাতীয় শিক্ষক দিবস পালিত হয়েছে।

দিবসটি উপলক্ষে বৃহস্পতিবার সকালে মেহেরপুর শহীদ শামসুজ্জোহা পার্ক থেকে একটি বর্ণাঢ্য র্যালি বের হয়ে মেহেরপুর সরকারি কলেজ পর্যন্ত গিয়ে শেষ হয়।

দিবসটি উপলক্ষে মেহেরপুর সরকারি কলেজ কনফারেন্স রুমে আয়োজিত আলোচনা সভায় সভাপতিত্ব করেন মেহেরপুর সরকারি কলেজের অধ্যক্ষ প্রফেসর শফিউল ইসলাম সরদার।

শিক্ষক দিবসের তাৎপর্য তুলে ধরে আলোচনা করেন বঙ্গবন্ধু শিক্ষা ও গবেষণা পরিষদের মেহেরপুর জেলা শাখার সভাপতি প্রফেসর হাসানুজ্জামান মালেক, মেহেরপুর সরকারি মহিলা কলেজের অধ্যক্ষ প্রফেসর রফিকুল ইসলাম, মেহেরপুর সরকারী কলেজের উপাধ্যাক্ষ প্রফেসর আব্দুর রাজ্জাক, জেলা শিক্ষা অফিসার মাহফুজুল হোসেন, সদর উপজেলা শিক্ষা অফিসার আনোয়ার হোসেন, মেহেরপুর সরকারি কলেজের শিক্ষক পরিষদের সম্পাদক সহকারী অধ্যাপক কাবিল উদ্দীন, মুক্তিযোদ্ধা আহাম্মদ আলী টেকনিক্যাল এন্ড বিএম কলেজের হিসাববিজ্ঞান বিভাগের প্রভাষক রফিকুল আলম বকুল, আর আর মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক আশরাফুজ্জামান, আশরাফপুর দারুল সুন্নাত মাদ্রাসার শিক্ষক বরকতুল্লাহ, শালিকা প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক নুরুল ইসলামসহ বিভিন্ন সরকারি ও বেসরকারি স্কুল, কলেজ ও মাদ্রাসার অধ্যক্ষ, সুপার ও শিক্ষকগণ উপস্থিত ছিলেন।

উপস্থাপনায় ছিলেন, মেহেরপুর সরকারি কলেজের রাষ্ট্রবিজ্ঞান বিভাগের সহযোগী অধ্যাপক আব্দুল্লাহ আল আমিন ধুমকেতু ও বিএম সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক আতিয়া খন্দকার।

গাংনীতে জাতীয় কন্যাশিশু দিবসের আলোচনা সভা ও পুরস্কার বিতরণী অনুষ্ঠিত

“সময়ের অঙ্গীকার কন্যশিশুর অধিকার” এই শ্লোগানকে সামনে নিয়ে গাংনীতে দি হাঙ্গার প্রজেক্ট ও জাতীয় কন্যাশিশু অ্যাডভেকেসি ফোরামের আয়োজনে জাতীয় কন্যাশিশু দিবস ২০২২ উদযাপন উপলক্ষে আলোচনা সভা ও পুরস্কার বিতরণী অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে।

আজ বুধবার (২৬ অক্টোবর) গাংনী উপজেলা পরিষদ সম্মেলন কক্ষে

আয়োজিত অনুষ্ঠানে সভাপতিত্ব করেন জাতীয় কন্যাশিশু অ্যাডভোকেসি ফোরাম মেহেরপুর জেলা শাখার সভাপতি মোঃ সিরাজুল ইসলাম।

আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্য রাখেন মেহেরপুর জেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক ও গাংনী উপজেলা চেয়ারম্যান এম এ খালেক।

বিশেষ অতিথির বক্তব্য রাখেন গাংনী উপজেলা মহিলা বিষয়ক অফিসার মোছাঃ নাসিমা খাতুন।

দি হাঙ্গার প্রজেক্ট গাংনী অফিসের এলাকা সমন্বয়কারী মোঃ হেলাল উদ্দিনের সঞ্চালায় অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন করমদি কলেজের প্রভাষক আবু সাদাত মোঃ সায়েম পল্টু, গাংনী পৌর মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক মোঃ মমিনুল হক, বিশিষ্ট সমাজ সেবক ও সংগীত শিল্পী মোঃ আজিজুল হক রানু প্রমূখ।

আলোচনা শেষে দুটি মাধ্যমিক বিদ্যালয়ের বিজয়ী ১২জন শিক্ষার্থীদের মাঝে পুরস্কার বিতরণী করা হয়।

দামুড়হুদায় জাতীয় সড়ক দিবস উপলক্ষে র্যালি ও আলোচনা সভা

আইন মেনে সড়কে চলি, নিরাপদে বাড়ি ফিরি এই প্রতিপাদ্যকে সামনে রেখে দামুড়হুদায় জাতীয় সড়ক দিবস ২০২২ উপলক্ষে র্যালি ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

আজ সকাল দশটার দিকে দামুড়হুদা উপজেলা প্রশাসনের আয়োজনে সহকারী কমিশনার ভূমি মোঃ মাজহারুল ইসলামের নেতৃতে র্যালি ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

এসময় উপস্থিত ছিলেন উপজেলা বন কর্মকর্তা মোঃ রকিব উদ্দীন, উপজেলা আইসিটি প্রোগ্রামার আরিফুল ইসলাম, উপজেলা নির্বাহী কার্যালয়ের সিএ ফয়জুল করিম,উপজেলা নির্বাহী কার্যালয়ের নাজির ওমর ফারুক, উপজেলা পরিষদ চেয়ারম্যানের কার্যালয়ের সিএ জসিম উদ্দিন

কোটচাঁদপুরে কিশোরদের সচেতনতা মূলক প্রশিক্ষন অনুষ্ঠিত

উন্নত পল্লী উন্নত দেশ, বঙ্গবন্ধুর সোনার বাংলাদেশ, এ প্রতিপাদ্যে কিশোরীদের সচেতনতামূলক প্রশিক্ষন ও প্রশক্ষনের সামগ্রী বিতরণ করা হয়েছে।

বুধবার দুপুরে কোটচাঁদপুরের ফুলবাড়ি মাধ্যমিক বিদ্যালয়ের ছাত্রীদের মাঝে এ সব দেয়া হয়।

দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্প(ইরেসপো) ২য় পর্যায় এ প্রশিক্ষণের আয়োজন করেন। প্রশিক্ষনে সভাপতিত্ব ফুলবাড়ি মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক শামসুদ্দিন আহম্মদ।

প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিআরডিপি ঝিনাইদহের উপপরিচালক আরিফুল ইসলাম। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত থাকবেন, কোটচাঁদপুর স্বাস্থ্য কমপ্লেক্সের স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডাঃ আব্দুর রশিদ। কোটচাঁদপুর উপজেলা পল্লী উন্নয়ন কর্মকতা ও কোর্স পরিচালক সেলিম রেজা। এ ছাড়া উপস্থিত ছিলেন উপজেলা সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা ইউনুচ আলী। এরপর ছাত্রছাত্রীদের হাতে প্রশিক্ষন সামগ্রী তুলে দেয়া হয়। এ সামগ্রীর মধ্যে ছিল,স্যানেটারী প্যাড,খাতা,কলম।

জানা যায়, এ প্রকল্পের আওতায় কোটচাঁদপুরে দুইটি মাধ্যমিক বিদ্যালয় স্থান পেয়েছেন। যার মধ্যে ফুলবাড়ি মাধ্যমিক বিদ্যালয় ও শেরখালী মাধ্যমিক বিদ্যালয়। এর উদ্দেশ্য সম্পর্কে কোর্স পরিচালক বলেন,এ প্রকল্পের মাধ্যমে ছাত্রীদেরকে বাল্যবিবাহ,যৌন হয়রানি সহ বিভিন্ন বিষয়ে সচেতন করা হয়। এ ছাড়া ছাত্রীদেরকে এর মাধ্যমে

সঞ্চয়ী হিসেবে গড়ে তোলার জন্য প্রশিক্ষিক করা হচ্ছে।

জেলা পরিষদ নির্বাচনে প্রার্থীদের নিয়ে মতবিনিময় সভা অনুষ্ঠিত

জেলা পরিষদ নির্বাচনের প্রার্থীদের নিয়ে মতবিনিময় সভা মেহেরপুর জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে শনিবার বিকালে অনুষ্ঠিত হয়েছে।

জেলা প্রশাসক ও রিটার্নিং অফিসার ড. মোহাম্মদ মুনসুর আলম খানের সভাপতিত্বে মতবিনিময় সভায় বক্তব্য রাখেন পুলিশ সুপার রাফিউল আলম, জেলা পরিষদ নির্বাচনে আওয়ামী লীগের সমর্থিত চেয়ারম্যান প্রার্থী আব্দুস সালাম, স্বতন্ত্র চেয়ারম্যান প্রার্থী গোলাম রসুল। এসময় বিভিন্ন ওয়ার্ডের সধারণ সদস্য ও সংরক্ষিত নারী সদস্যরা।

নির্বাচনের প্রার্থীরা আসন্ন নির্বাচন নিয়ে নানা ধরণের সংকার কথা তুলে ধরেন। নির্বাচন অবাধ নিরপেক্ষ ও সুষ্ঠ করতে প্রশাসনের পক্ষ থেকে সব ধরনের আশ্বাসন প্রদান করেন।

অন্যদের মধ্যে বক্তব্য রাখেন পুলিশ সুপার রাফিউল আলম,অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) নাজমুল হুদা,জেলা নির্বাচন কর্মকর্তা মোঃ আবু আনছার।

মতবিনিময় সভায় জেলা পরিষদ নির্বাচনের চেয়ারম্যান, সদস্য ও সংরক্ষিত নারী সদস্য প্রার্থীরা উপস্থিত ছিলেন।

দামুড়হুদায় এপিএ চুক্তির অধীনে মহিলা সমাবেশ অনুষ্ঠিত

দামুড়হুদার মজলিশপুর গ্রামে এপিএ চুক্তির অধীনে মহিলা সমাবেশ অনুষ্ঠিত। বুধবার সকাল সাড়ে ১০ টায় চুয়াডাঙ্গা জেলা তথ্য অফিসের আয়োজনে দামুড়হুদা উপজেলার জুড়ানপুর ইউনিয়নের মজলিশপুর গ্রামে মঈনুল মেম্বারের বাড়ীর পাশে এপিএ চুক্তির অধীনে মহিলা সমাবেশ অনুষ্ঠিত হয়েছে।

জেলা সহকারী তথ্য অফিসার রুস্তম আলীর সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে এপিএ চুক্তির অধীনে মহিলা সমাবেশে বক্তব্য রাখেন জেলা তথ্য অফিসার আমিনুল ইসলাম। এসময় তিনি নারীদের সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে মূল্যবান বক্তব্য রাখেন।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জুড়ানপুর ইউনিয়ন পরিষদের সদস্য মঈনুল ইসলাম, আবুল বাশার, সিরাজুল ইসলাম সহ উপস্থিত ছিলেন স্থানীয় এলাকার গণ্যমান্য ব্যক্তিবর্গ।

কোটচাঁদপুরে শেখ মোজাফফর হোসেন মাধ্যমিক বিদ্যালয়ে মতবিনিময় সভা

ঝিনাইদহের কোটচাঁদপুর উপজেলার বলুহর শেখ মোজাফফর হোসেন মাধ্যমিক বিদ্যালয়ে বাল্যবিবাহ, নারী ও শিশু নির্যাতন রোধ, মাদকের কুফল, সামাজিক সাম্প্রতি, সামাজিক যোগাযোগ মাধ্যমের অপব্যবহার প্রতিরোধে শিক্ষক ছাত্র-ছাত্রী ও অভিভাবকদের সাথে মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে।

আজ মঙ্গলবার সকালে মাধ্যমিক বিদ্যালয়ের ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক আব্দুল আজিজের সভাপতিত্ব। মতবিনিময় সভায় প্রধান অতিথি হিসেবে

উপস্থিত ছিলেন কোটচাঁদপুর উপজেলা নির্বাহী অফিসার খান মাসুম বিল্লাহ।বিশেষ অতিথি হিসেবে মূল্যবান বক্তব্য রাখেন মডেল থানার অফিসার ইনচার্জ মইন উদ্দিন , উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার রতন মিয়া, বলুহর ইউনিয়ন চেয়ারম্যান নজরুল ইসলাম প্রমুখ।

প্রধান অতিথির বক্তব্যে বলেন,বাল্যবিবাহ,নারী শিশু নির্যাতন, মাদক একটি সামাজিক ব্যাধি। নারীর অগ্রযাত্রায় বাল্যবিবাহ প্রতিবন্ধকতা হিসেবে কাজ করে। বাল্যবিবাহ নামক সামাজিক ব্যাধি প্রতিরোধের লক্ষ্যে সরকার বাল্যবিবাহ নিরোধ আইন, ২০১৭ প্রণয়ন করেছে। উল্লেখপূর্বক প্রশাসনের পাশাপাশি সমাজের প্রত্যেক নাগরিককে নিজ নিজ জায়গা থেকে এগিয়ে আসার আহ্বান জানান।

এ সময় বিদ্যালয়ের সকল শিক্ষক-শিক্ষকা, শিক্ষার্থী, অবিভাবক সহ প্রতিষ্ঠানে সংশ্লিষ্ট সকল কর্মকর্তা কর্মচারী বৃন্দ উপস্থিত ছিলেন।

কুষ্টিয়ায় শেখ রাসেল দিবসের প্রস্তুতি সভা অনুষ্ঠিত

কুষ্টিয়ায় শেখ রাসেল দিবস-২০২২ উদ্যাপন উপলক্ষে প্রস্তুতিমূলক সভা অনুষ্ঠিত হয়েছে।

মঙ্গলবার দুপুরে কুষ্টিয়া জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে এ সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন কুষ্টিয়ার জেলা প্রশাসক মোহাম্মদ সাইদুল ইসলাম।

সভায় আরও উপস্থিত ছিলেন কুষ্টিয়ার পুলিশ সুপার খাইরুল আলম, অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) শারমিন আক্তার, জেলা মুক্তিযোদ্ধা কমান্ডার (ভারপ্রাপ্ত) আলহাজ্ব রফিকুল আলম টুকু, জেলা আওয়ামী লীগের তথ্য ও গবেষণা বিষয়ক সম্পাদক ও কেপিসি কুষ্টিয়ার সভাপতি রাশেদুল ইসলাম বিপ্লব প্রমুখ।

সভায় সিদ্ধান্ত নেওয়া হয় ১৮ অক্টোবর আড়ম্বর অনুষ্ঠানের মাধ্যমে

এ দিবসটি উদ্যাপন করা হবে। দিবসটি উপলক্ষে বিভিন্ন স্কুল-কলেজের শিক্ষার্থীদের মধ্যে নানা রকম প্রতিযোগিতার আয়োজন করা হবে।

সভায় জেলার সরকারী সকল দপ্তরের কর্মকর্তা ও সংশ্লিষ্টরা উপস্থিত ছিলেন।

মেহেরপুরে সম্প্রীতি সমাবেশ অনুষ্ঠিত

বাংলা হিন্দু বাংলার বৌদ্ধ বাংলার খ্রিস্টান বাংলার মুসলমান আমরা সবাই বাঙ্গালী এই প্রতিপাদ্য সামনে রেখে সম্প্রীতি সমাবেশের আয়োজন করা হয়।

শনিবার বিকেলে মেহেরপুর জেলা শিল্পকলা একাডেমিতে এই অনুষ্ঠানের আয়োজন করা হয়।

মেহেরপুর জেলার প্রশাসক ড. মোঃ মনসুর আলম খানের সভাপতি হিসেবে উপস্থিত ছিলেন মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন এমপি, বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলার পুলিশ সুপার মোঃ রাফিউল আলম, মেহেরপুর জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এম এ খালেক, যুগ্ম সাধারণ সম্পাদক অ্যাডভোকেট ইব্রাহিম শাহিন, শিক্ষা ও গবেষণা পরিষদের সভাপতি প্রফেসর হাসানুজ্জামান মালেক, পাবলিক প্রসিকিউটর পল্লব ভট্টাচার্য, বীর মুক্তিযুদ্ধা ক্যাপ্টেন আব্দুল মালেক, আরিফুল এনাম বকুল, সহ বিভিন্ন উপজেলার চেয়ারম্যান, মেম্বাররা উপস্থিত ছিলেন। মেহেরপুরের বিভিন্ন প্রতিষ্ঠানের ছাত্র ছাত্রী ও শিক্ষক মন্ডলীরাও উপস্থিত ছিলেন এবং মেহেরপুর জেলার নানা শ্রেনি প্রেশার বিভিন্ন মানুষ উপস্থিত ছিলেন।